

কমরেড রুহুল আমিন চানু ও মোস্তাকুর রহমান (বাবু রহমান) লাল সালাম

বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান এক বিবৃতিতে বাসদ গাজীপুর জেলার




কোনাবাড়ি শাখার সমন্বয়ক ও সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের কেন্দ্রীয় কাউন্সিলর রুহুল আমিন চানুর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং তার পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। কমরেড খালেকুজ্জামান বলেন, শ্রমিকশ্রেণির মুক্তির সংগ্রাম এগিয়ে নেয়ার ক্ষেত্রে কমরেড চানুর অবদান মুক্তিকামী মানুষ সম্মানের সাথে স্মরণে রাখবে। বয়সের হিসেব অনুযায়ী তাঁর আরও দীর্ঘদিন ভূমিকা রাখতে পারার কথা। তাঁর মৃত্যুতে বিপুল আন্দোলনের যে ক্ষতি হয়েছে, তা পূরণ করতে শোককে শক্তিতে রূপান্তর করে সকল কমরেডকে জোর সমন্বিত প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

রুহুল আমিন চানু মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে ২৭ মার্চ রাত ২টায় মৃত্যুবরণ করেন।

শ্রমিক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি জাহেদুল হক মিলু ও সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন শ্রমিক ফ্রন্টের কেন্দ্রীয় কাউন্সিলর রুহুল আমিন চানুর মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন।

প্রখ্যাত নজরুল গবেষক ও শিল্পী, চারণ সাংস্কৃতিক কেন্দ্রের প্রতিষ্ঠাকালীন সংগঠক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুলের শিক্ষক মোস্তাকুর রহমান



(বাবু রহমান)-এর অকাল মৃত্যুতে বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন। তিনি আরও বলেন, বাসদ ও চারণ সাংস্কৃতিক কেন্দ্র গড়ে তোলায় তাঁর প্রচেষ্টা আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করি।

১৮ ফেব্রুয়ারি '১৮ ভোর ৪টায় বাবু রহমান হৃদরোগে আক্রান্ত হয়ে সাভার এনাম মেডিকলে চিকিৎসাবীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন।

খালেকুজ্জামান বলেন, আজকে পুঁজিবাদ যখন মানবজাতির সকল মহৎ অর্জন শিল্প-সাহিত্য-সংস্কৃতিকে ধূলিসাৎ করে বিকৃত পথে এঙেছে তখন সাংস্কৃতির সূঁচু ধারাকে বিকশিত করে সর্বহারাশ্রেণির মুক্তির সংগ্রাম এগিয়ে নেয়ার কোন বিকল্প নেই। আর বাবু রহমান ছিলেন এই ধারার একজন শিল্পী ও গবেষক। তার

মৃত্যুতে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হয়েছে।